

পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কোভিড-১৯ প্রতিরোধ

মাস্টার ট্রেইনারদের একটি দল
গড়ে তোলা

৩/৫



ফ্যাসিলিটেশন গাইড

কোভিড-১৯ প্রতিরোধে সহায়তার অংশ হিসেবে ইটিআই একটি প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) মডিউল তৈরি করেছে। এটির লক্ষ্য হলো কারখানার কর্মচারীদের জ্ঞান ও দক্ষতার অধিকতর উন্নয়ন সাধনের উদ্দেশ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য কারখানার মধ্যে দক্ষ প্রশিক্ষকদের একটি দল গড়ে তোলা।

যেসব বিষয় নিশ্চিত করার জন্য এই প্রশিক্ষক প্রশিক্ষণ তৈরি করা হয়েছে সেগুলো হলো:

- অংশগ্রহণকারীরা মাস্টার ট্রেইনার্স হয়ে বের হবেন যারা অন্য কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নিজেদের অর্জিত শিক্ষাকে আরো মজবুত করবেন।
- মাস্টার ট্রেইনারদের দ্বারা প্রশিক্ষিত কর্মচারীরা বাস্তব-জীবনের উদাহরণ, সমস্যা ও কর্মজীবনে নিত্যদিন সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলো ব্যবহার করে সহজবোধ্য ও প্রাসঙ্গিক ভাষা-পরিভাষা দিয়ে উপস্থাপিত প্রশিক্ষণ থেকে উপকৃত হবেন, ফলে তারা আরো সহজে বুঝতে পারবেন।
- কর্মীদের অন্তর্ভুক্তি, রিফ্রেশার প্রশিক্ষণ এবং চলমান সহায়তা প্রদান সহজতর করার ক্ষেত্রে অন-সাইট মাস্টার ট্রেইনারদের দ্বারা কারখানাগুলো উপকৃত হয়।

প্রশিক্ষণ পদ্ধতি ও প্রক্রিয়া

ইটিআই বাংলাদেশ ২০২১ সালে এই প্রশিক্ষণটি তৈরি করেছে। এটি সশরীরে অংশগ্রহণের পরিবেশে আয়োজনের জন্য ডিজাইন করা হয়েছে, যেখানে অংশগ্রহণকারীরা আলোচনা ও ইন্টারঅ্যাক্টিভ অনুশীলন সহজতর করতে ইউ-আকৃতি বজায় রেখে বসবেন। কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অংশগ্রহণকারীদের নির্বাচন করতে পারেন। সাধারণভাবে অংশগ্রহণকারীরা মধ্যম পর্যায়ের ব্যবস্থাপনা পদ থেকে আসা উচিত - যারা ওয়েলফেয়ার, কমপ্লায়েন্স ও মানব সম্পদ কর্মকর্তা - যেখানে অভ্যন্তরীণ প্রশিক্ষণ সেশন আয়োজন ও পরিচালনা করার দায়িত্ব পালন করে থাকেন।

এসব অংশ
এমনভাবে তৈরি করা
হয়েছে যাতে:

- ওএইচএস, টিওটি মডেল এবং বিভিন্ন প্রশিক্ষণ পদ্ধতি ও প্রক্রিয়ার ব্যবহার সম্পর্কে গভীর জ্ঞান রয়েছে এমন পেশাদার প্রশিক্ষকদের দ্বারা এই প্রশিক্ষণটি প্রদান করা হয়।
- প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা হবে ২০-২৫ জন।

দক্ষতার অনুশীলন ও মতামত প্রদান সেশনগুলো সহজতর করতে প্রশিক্ষকদের উচিত দলটি থেকে সাত থেকে আট জন অংশগ্রহণকারীকে দ্বৈবচয়নভিত্তিতে নির্বাচন করা যাতে তারা প্রত্যেকে অন্য অংশগ্রহণকারীদের জন্য একটি করে অনুশীলন সেশন পরিচালনা করতে পারেন। প্রতিটি অনুশীলন সেশনের পরে প্রদত্ত মতামত থেকে সকল অংশগ্রহণকারী উপকৃত হতে পারেন।

বিষয়বস্তুর সারসংক্ষেপ

এই প্রশিক্ষক প্রশিক্ষণ পুরো দুইদিন সময় নিয়ে প্রদান করা হয় যেখানে তিনটি অংশ রয়েছে-

প্রশিক্ষণ দক্ষতা

এই অংশের লক্ষ্য হলো কার্যকরভাবে তথ্য উপস্থাপন করা, অংশগ্রহণকারীদের প্রশ্নের উত্তর দেয়া এবং শিক্ষাকে মজবুত করে এমন ক্রিয়াকলাপে নেতৃত্ব দেয়ার জন্য মাস্টার ট্রেইনারদেরকে প্রস্তুত করা। এই অংশে প্রশিক্ষণ ও শিক্ষার মধ্যকার পার্থক্য, প্রাপ্তবয়স্কদের শিক্ষার ধারণা এবং প্রশিক্ষণের বিভিন্ন পদ্ধতিসমূহ, যেমন অংশগ্রহণমূলক প্রশিক্ষণ প্রক্রিয়া, এবং যোগাযোগ ও উপস্থাপনার দক্ষতা বিষয়ক সেশনগুলো অন্তর্ভুক্ত রয়েছে।

বিষয়ভিত্তিক জ্ঞান

এই অংশটি ম্যানেজার ও সুপারভাইজারদের জন্য প্রস্তুতকৃত পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (ওএইচএস) প্রশিক্ষণের ভিত্তিতে তৈরি করা হয়েছে (আরো তথ্যের জন্য রিসোর্স গাইড ১ দেখুন)। ইটিআই পাঁচটি পৃথক ফ্লিপচার্ট তৈরি করেছে, যার প্রত্যেকটি প্রশিক্ষণের একটি সুনির্দিষ্ট বিষয় নিয়ে আলোচনা করে:

- + ওএইচএস ফ্লিপচার্ট ১ - কোভিড-১৯
- + ওএইচএস ফ্লিপচার্ট ২ - ঝুঁকি মূল্যায়ন
- + ওএইচএস ফ্লিপচার্ট ৩ - দুর্ঘটনার তদন্ত
- + ওএইচএস ফ্লিপচার্ট ৪ - আরগোনোমিকস বা কর্মপরিবেশ বিদ্যা
- + ওএইচএস ফ্লিপচার্ট ৫ - মানবিক উপাদান

এই বিষয়ভিত্তিক জ্ঞান বিষয়ক অংশটি, উপরে উল্লেখিত প্রশিক্ষণ দক্ষতাগুলোর রেফারেন্স ব্যবহার করে ফ্লিপচার্টে সরবরাহ করা বিষয়বস্তুর দিকে আলোকপাত করেছে। ফ্লিপচার্টের প্রতিটি পৃষ্ঠার উল্টো পাশে মাস্টার ট্রেইনারদেরকে সাহায্য করার জন্য প্রশিক্ষণ পরিচালনা ও সহায়তাকরণ সংক্রান্ত পরামর্শ দেওয়া হয়েছে।

দক্ষতার অনুশীলন ও মতামত প্রদান

এই শেষ অংশটি অংশগ্রহণকারীদের জন্য অন্য অংশগ্রহণকারীদেরকে বিষয়বস্তুর প্রশিক্ষণ প্রদান অনুশীলন করার সুযোগ দেয়। অংশগ্রহণকারীরা এরপর ব্যবহৃত প্রশিক্ষণ পদ্ধতি এবং আলোচ্য বিষয়বস্তু বিবেচনায় নিয়ে অনুশীলনটি সম্পর্কে মতামত প্রদান করেন।

বাংলাদেশের তৈরি পোশাক
কারখানার জন্য ইটিআই-এর
কোভিড-১৯ বিষয়ক শিখন
উপকরণসমূহ

এই নির্দেশিকা এবং এতে উল্লিখিত প্রশিক্ষণ মডিউলটি যুক্তরাজ্যের ফরেন, কমন্ওয়েলথ এন্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর অর্থায়নে ভালনারবেল সাপ্লাই চেইনস ফ্যাসিলিটি (ভিএসসিএফ) নামক উদ্যোগের অধীনে তৈরি করা হয়েছে। কোভিড-১৯ এর ব্যাপারে দ্রুত সাড়া দানের এই উদ্যোগটি ব্যবস্থাপনা করছে মট ম্যাকডোনাল্ড লিমিটেড। এই ফ্যাসিলিটি বাংলাদেশ, ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, মিয়ানমার, তাজানিয়া, ও জিম্বাবুয়ের ১০০ এরও বেশি সরবরাহকারীকে সহায়তাকারী যুক্তরাজ্যের এবং আন্তর্জাতিক ২০টি খুচরা বিক্রেতা ও ব্র্যান্ড, এবং সাতটি অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দশ লাখ নারী ও পুরুষকে অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্যগত সুবিধা প্রদান করবে।